

সম্মানিত সকল সদস্যের জন্য

তৈরি পোশাক খাতের আমদানি-রপ্তানি কার্যক্রম সহজীকরণ ও হয়রানি হ্রাস করার জন্য বিজিএমইএ'র পক্ষ হতে কাস্টমস বন্ড সংক্রান্ত ওয়ার্কিং কমিটির ৪র্থ সভায় কতিপয় বিষয় উপস্থাপন করা হয়। এইচ.এস.কোড, পণ্যের ওজন ও কাটিং তদারকির কার্যক্রম দ্রুততার সাথে সম্পাদন, সহজীকরণ ও হয়রানি হ্রাসের নিমিত্তে উক্ত সভার কার্যবিবরণীতে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে নিম্নে তুলে ধরা হলোঃ

● এইচ.এস.কোড ও পণ্যের ওজনঃ

❖ কার্যবিবরণীর সিদ্ধান্ত নং- ০১ (ক) এইচ.এস.কোড সংক্রান্ত সমস্যা দ্রুত নিরসন ও পণ্য খালাস দ্রুত সময়ে শেষ করার লক্ষ্যে ফোকাল পয়েন্ট ব্যবস্থাপনা পরিচালনার নীতিগত সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত ফোকাল পয়েন্টগণের তালিকা করা হয়ঃ

- জনাব মোঃ পারভেজ রেজা চৌধুরী, ডেপুটি কমিশনার . - কাস্টম হাউস, ঢাকা।
- জনাব মিতুল বনিক, ডেপুটি কমিশনার, - ঢাকা (উত্তর), ঢাকা।
কাস্টমস বন্ড কমিশনারেট
- জনাব ইমাম গাজ্জালী, ডেপুটি কমিশনার - কাস্টম হাউস, চট্টগ্রাম।
- জনাব দ্বৈপায়ন চাকমা, ডেপুটি কমিশনার - ঢাকা (দক্ষিণ), ঢাকা।
কাস্টমস বন্ড কমিশনারেট
- জনাব তপন চন্দ্র দে, ডেপুটি কমিশনার - চট্টগ্রাম।
কাস্টমস বন্ড কমিশনারেট
- জনাব মির্জা রাফেজা সুলতানা, ডেপুটি কমিশনার - কাস্টম হাউস, বেনাপোল।


❖ কার্যবিবরণীর সিদ্ধান্ত নং-০১(খ) এস.আর.ও নং ২১৩-আইন/২০২৪/৬৫/কাস্টমস, তারিখঃ ২৯/০৫/২০২৪ এর বিধি ৭ (২) অনুযায়ী “যৌক্তিক প্রয়োজনে কমিশনার অব কাস্টমস বন্ড বা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত অপর কোন কমিশনার অব কাস্টমস কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের ভিত্তিতে বন্ড লাইসেন্স বহির্ভূত কাঁচামাল বন্ড সুবিধায় আমদানি করা যাবে।”

❖ কার্যবিবরণীর সিদ্ধান্ত নং-০২(ক) ফোকাল পয়েন্টের মাধ্যমে রপ্তানিকৃত পণ্যের উদ্ভূত সমস্যার দ্রুত নিষ্পত্তির সুপারিশ করা হয়।

● কাটিং তদারকির শর্ত প্রত্যাহার করার ক্ষেত্রে করণীয়ঃ

❖ কার্যবিবরণীর সিদ্ধান্ত নং- ০৪ (ক) দুইবার কাটিং তদারকি প্রতিবেদনে অসামঞ্জস্যতা পরিলক্ষিত না হলে তাদের ক্ষেত্রে কাটিং শর্ত প্রত্যাহারের নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়।

ধন্যবাদান্তে,


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •